

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৯(আগরতলা ২৬।০৫)

কৈলাসহর, ২৬ মে, ২০২৪

**কৈলাসহর মহকুমায় নজরুল জন্মজয়ন্তী**

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে কৈলাসহর মহকুমার উনকোটি কলাক্ষেত্রে গতকাল যথাযোগ্য মর্যাদায় নজরুল জন্মজয়ন্তী উদযাপন করা হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জমাতিয়া। উপস্থিত ছিলেন উনকোটি জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা বিশ্বজিৎ দেব ও বিদ্যালয় পরিদর্শক বেনী মাধব চক্রবর্তী। অনুষ্ঠানে অতিথিগণ নজরুলের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জীবন ও সাহিত্যের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ নজরুল গীতি, আবৃত্তি ও নৃত্য পরিবেশন করেন।

\*\*\*\*\*